

কোস্ট ট্রাস্ট, ঢাকা। তারিখ: ২০ অক্টোবর, ২০১৪ ইংরেজি।



বিষয়: কোস্ট গ্রাচ্যুইটি নীতিমালা।

১. উদ্দেশ্য:

- ক. দীর্ঘমেয়াদী সুবিধা দিয়ে কর্মীদের থেকে দীর্ঘমেয়াদী নিবেদন পাওয়া।
- খ. কর্মীদের মধ্যে চাকুরির সন্তুষ্টি বাড়ানো।
- গ. গ্রাচ্যুইটির পরিমাণকে অন্যান্য সংস্থার সমপর্যায়ে নিয়ে আসা।

২. প্রত্যেক নিয়মিত কর্মী প্রতি ১২ মাসের জন্য দুটি মূল বেতনের সমপরিমাণ টাকা গ্রাচ্যুইটি হিসাবে প্রভিশন করা হবে। এই প্রভিশনকৃত টাকা জুন এবং ডিসেম্বর মাসে গ্রাচ্যুইটির একাউন্টে জমা করা হবে। প্রতি ছয় মাস অন্তর অন্তর গ্রাচ্যুইটির টাকা স্থায়ী আমানত হিসেবে ব্যাংকে (যেখানে সর্বোচ্চ লাভ পাওয়া যায়) এফডিআর করা হবে।

৩. গ্রাচ্যুইটির হিসাব করা হবে কোন কর্মী সর্বশেষ বেতনের বেসিকের উপর। নিম্নলিখিত ছক অনুযায়ী সংস্থার কর্মীদের গ্রাচ্যুইটির হিসাব করা হবে:

চাকুরির সময়কাল	গ্রাচ্যুইটির হিসাব
ক. ৩ বছরের মধ্যে সংস্থা ছেড়ে গেলে।	ক. কোন গ্রাচ্যুইটি পাওয়া যাবে না।
খ. ৩ বছর বা তার উর্ধ্বে এবং ৫ বছর পর্যন্ত সংস্থায় থাকলে।	খ. সর্বশেষ বেসিকের উপর ১.৫টি x সময়কাল।
গ. ৫ বছর বা তার উর্ধ্বে এবং ১৫ বছর পর্যন্ত সংস্থায় থাকলে।	গ. সর্বশেষ বেসিকের উপর ২টি x সময়কাল।
ঘ. ১৫ বছরের উপরে সংস্থায় থাকলে।	ঘ. সর্বশেষ বেসিকের উপর ৩টি x সময়কাল।

৪. গ্রাচ্যুইটির হিসাব করা হবে সংস্থায় যোগদানের তারিখ থেকে। তবে কেউ যদি চলে গিয়ে পুনরায় সংস্থায় যোগদান করেন তাহলে সর্বশেষ যোগদানের তারিখ থেকে চাকুরির সময়কাল ধরা হবে এবং সেভাবে গ্রাচ্যুইটির হিসাব করা হবে।

৫. যদি কোন কর্মী কোস্ট মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা লঙ্ঘনের কারণে বরখাস্ত ( Dismissal) হন বা সংস্থার সাথে কোন চুক্তি ভঙ্গ করেন তা হলে তার গ্রাচ্যুইটি বাজেয়াপ্ত হবে।

৬. গ্রাচ্যুইটি সংক্রান্ত কোন প্রশ্নের অবতারণা হলে বোর্ডের সিদ্ধান্তই সর্বজন বিদিত হবে।

৭. এ নীতিমালাটি ১৮ অক্টোবর ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ট্রাস্টি এর ৮৪তম সভায় নীতিগতভাবে অনুমোদিত হয়। এ নীতিমালাটি ২১ অক্টোবর ২০১৪ তারিখ থেকে কার্যকরী হবে।

প্রস্তাবনায়

রেজাউল করিম চৌধুরী  
নির্বাহী পরিচালক  
কোস্ট ট্রাস্ট।

Rezaul Karim Chowdhury  
Executive Director  
COAST Trust

সুপারিশক্রম

এম জাহিরুল আলম, এফসিএ  
কোষাধ্যক্ষ-বোর্ড অব ট্রাস্টি  
কোস্ট ট্রাস্ট।

M Zahirul Alam, FCA  
Treasurer-Board of Trustees  
COAST Trust

অনুমোদনে

বেগম শামসুন নাহার  
চেয়ার পার্সন-বোর্ড অব ট্রাস্টি  
কোস্ট ট্রাস্ট।

Begum Shamsun Nahar  
Chairperson-Board of Trustees  
COAST Trust

২৩/১০/১৪